প্রশিক্ষণে উজ্জীবন
জনসেবায় প্রাণপণ

বিসিএস প্রশাসন
# একাডেমি বার্তা

www.bcsadminacademy.gov.bd ▪ জানুয়ারি-মার্চ ২০২৪ ▪ চৈত্র ১৪৩০

এ সংখ্যায় যা আছে


- একাডেমির গবেষণা কমিটির ২০তম সভার আয়োজন
- বিসিএস প্রশাসন একাডেমির নথি বিনষ্টকরণ কর্মসূচি পালন
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবগণের প্রীতি সম্মিলন ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন
- জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্থে পরিচালিত গবেষণার তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ
- ৪৯তম ফিটলিস্টভুক্ত ইউএনওগণের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন
- ৪৯তম ফিটলিষ্টভুক্ত ইউএনওগণের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উন্মুক্ত অধিবেশন
- বিসিএস প্রশাসন একাডেমির কর্মকর্তা-কর্মচারীগণের ১ম গ্রুপের সঞ্জীবনী প্রশিক্ষণ
- ৪৯তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের সমাপনী অনুষ্ঠান
- ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন
- "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা" শীর্ষক কর্মশালার আয়োজন
- ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের উন্মুক্ত অধিবেশন
- মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উদযাপন
- ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠান
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের রায়েরবাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি আয়োজন
- ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ
- ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন
- ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উদযাপন
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান- এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন
- ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল
- ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন


## গবেষণা কমিটির ২০তম সভার আয়োজন



রেক্টর মহোদয়ের সভাপতিত্বে গবেষণা কমিটির ২০তম সভায় উপস্থিত সদস্যবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এর সভাপতিত্বে গত ২৩ জানুয়ারি ২০২৪ তারিখে গবেষণা কমিটির ২০তম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, মেম্বার ডিরেক্টিং স্টাফ (উন্নয়ন ও গবেষণা), বিসিএস প্রশাসন একাডেমি এবং জনাব মো: আব্দুর রাজ্জাক, মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ), বিসিএস প্রশাসন একাডেমি, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ফেরদৌস আরফিনা ওসমান, বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান-এর রিসার্চ ফেলো (জনসংখ্যা স্টাডিজ বিভাগ) ড. মো: আব্দুর রাজ্জাক সরকারসহ কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সভায় ২০২৪-২৫ অর্থবছরের জন্য প্রাপ্ত ৩৫টি গবেষণা প্রস্তাব প্রাথমিকভাবে পর্যালোচনা করা হয়।

## বিসিএস প্রশাসন একাডেমির নথি বিনষ্টকরণ কর্মসূচি পালন



একাডেমির প্রশিক্ষণ শাখার নথি বিনষ্টকরণ কর্মসূচি পালন

সচিবালায় নির্দেশমালা ২০১৪ এর অনুচ্ছেদ ১০০ মোতাবেক বিসিএস প্রশাসন একাডেমির প্রশিক্ষণ শাখায় বিনষ্টযোগ্য নথিসমূহ একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক, এমডিএস (উন্নয়ন ও গবেষণা) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, এমডিএস (প্রশাসন ও উন্নয়ন) জনাব মো: আব্দুর রাজ্জাক, পরিচালকবৃন্দ এবং অন্যান্য অনুষদ সদস্যবৃন্দের উপস্থিতিতে বিনষ্ট করা হয়।

## তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ




গত ২৪-০১-২০২৪ তারিখে তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণের উদ্বোধন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের অর্থায়নে Towards Effective Human Resource Structure in Bangladesh 2041: A futuristic Approach for Public Sector Organizations শীর্ষক গবেষণার তথ্য সংগ্রহকারীদের প্রশিক্ষণ উদ্বোধন করেন ড. মো: ওমর ফারুক, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। ২৪.০১.২০২৪ এবং ২৯.০১.২০২৪ দুইদিন ব্যাপি এ প্রশিক্ষণে আরো উপস্থিত ছিলেন একাডেমির এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো: আব্দুর রাজ্জাকসহ একাডেমির অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। উক্ত প্রশিক্ষণে গবেষণা কার্যক্রমে ব্যবহারের জন্য তথ্য সংগ্রহের প্রশ্নমালা এবং তথ্য সংগ্রহ কাজে ব্যবহৃত অ্যাপস সম্পর্কে নিবিড় প্রশিক্ষণ প্রদান করা হয়।

## ৪৯তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উদ্বোধন




কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরীসহ অন্যান্য অতিথিবৃন্দ

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পদে পদায়নের জন্য বিবেচিত বিসিএস প্রশাসন ক্যাডারের সিনিয়র সহকারী সচিব/ সিনিয়র সহকারী কমিশনার পর্যায়ের ৫৩জন কর্মকর্তার অংশগ্রহণে ২৮ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত একাডেমিতে ৪৯তম উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্স অনুষ্ঠিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এঁর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো: আব্দুর রাজ্জাকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবগণের প্রীতি সম্মিলন ও সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন






গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবগণের সস্ত্রীক পদচারণায় মুখরিত একাডেমি প্রাঙ্গণ

১৭ জানুয়ারি ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সচিবগণের এক প্রীতি সম্মিলন ও সাংস্কৃতিক সন্ধ্যা অনুষ্ঠিত হয়। সম্মানিত সচিবগণের সস্ত্রীক পদচারণায় মুখরিত হয়ে উঠে বিসিএস প্রশাসন একাডেমি।

# ৪৯তম ফিটলিস্টভুক্ত ইউএনওগণের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের উন্মুক্ত অধিবেশন



৪৯তম ফিটলিষ্টভুক্ত ইউএনওগণের ওরিয়েন্টেশন কোর্সে উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন জনাব মাহবুব হোসেন, মন্ত্রিপরিষদ সচিব



৪৯তম ফিটলিষ্টভুক্ত ইউএনওগণের ওরিয়েন্টেশন কোর্সে উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন জনাব মো: তোফাজ্জল হোসেন মিয়া মুখ্য সচিব, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়

## একাডেমির কর্মকর্তা-কর্মচারীগণের সঞ্জীবনী প্রশিক্ষণ



কুষ্টিয়া ও মেহেরপুর জেলায় একাডেমির কর্মকর্তা-কর্মচারীগণের ১ম গ্রুপের সঞ্জীবনী প্রশিক্ষণের খণ্ডচিত্র



সিলেট জেলায় একাডেমির কর্মকর্তা-কর্মচারীগণের ২য় গ্রুপের সঞ্জীবনী প্রশিক্ষণের খণ্ডচিত্র



একাডেমির রেক্টর (সচিব) এঁর নেতৃত্বে পটুয়াখালী জেলার কুয়াকাটায় সঞ্জীবনী প্রশিক্ষণ



সঞ্জীবনী প্রশিক্ষণের অংশ হিসেবে পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন

বিসিএস প্রশাসন একাডেমির কর্মকর্তা ও কর্মচারীগণের বাৎসরিক ৬০(ষাট) ঘন্টা প্রশিক্ষণ কর্মসূচি, বিসিএস প্রশাসন একাডেমিতে সকল কর্মকর্তা-কর্মচারীগণকে ৩টি দলে বিভক্ত করে সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উক্ত প্রশিক্ষণের আওতায় ০৩-০৬ ফেব্রুয়ারি ২০২৪ কুষ্টিয়া ও মেহেরপুর জেলায় ১ম গ্রুপের সঞ্জীবনী প্রশিক্ষণের আয়োজন করা হয়। এতে বিসিএস প্রশাসন একাডেমিতে ৩৫জন কর্মকর্তা-কর্মচারি অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণের অংশ হিসেবে কর্মকর্তা-কর্মচারীগণ মেহেরপুরের মুজিবনগরে অবস্থিত মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন করেন। এতে জেলা প্রশাসন কুষ্টিয়া ও মেহেরপুর আন্তরিক সহযোগিতা প্রদান করেন।

১৩-১৬ ফেব্রুয়ারি ২০২৪ বাংলাদেশ পল্লী উন্নয়ন প্রশিক্ষণ ইন্সটিটিউট (বিআরডিটিই)তে কর্মকর্তা-কর্মচারীগণের ২য় গ্রুপের সঞ্জীবনী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির ৩৭জন কর্মকর্তা-কর্মচারী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণের অংশ হিসেবে তারা সিলেট জেলার দর্শনীয় স্থানসমূহ পরিদর্শন করেন।

২৩-২৫ ফেব্রুয়ারি ২০২৪ পটুয়াখালী জেলার কুয়াকাটায় ৩য় গ্রুপের সঞ্জিবনী প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়। বিসিএস প্রশাসন একাডেমির অবশিষ্ট ১৮জন কর্মকর্তা-কর্মচারী উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণের অংশ হিসেবে তারা পায়রা তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন করেন।

# ৪৯তম ফিটলিস্টভুক্ত ইউএনওদের উপজেলা প্রশাসন ও উন্নয়ন বিষয়ক ওরিয়েন্টেশন কোর্সের সমাপনী অনুষ্ঠান






কোর্সের সমাপণী অনুষ্ঠানে জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী প্রশিক্ষণার্থীগণের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন এবং সার্টিফিকেট প্রদান করেন

গত ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক-এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রশিক্ষণার্থীদের মধ্যে সনদ বিতরণ করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী। অনুষ্ঠানে একাডেমির এমডিএস (গবেষণা ও উন্নয়ন) ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি ও এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো: আব্দুর রাজ্জাকসহ একাডেমি বিজ্ঞ অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

# “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা” শীর্ষক কর্মশালা





কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী

গত ১৫ই ফেব্রুয়ারি ২০২৪ তারিখ বাংলাদেশ সচিবালয়ে দায়িত্ব পালনকারী ১০৮জন সাংবাদিক নিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে “স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গণমাধ্যমের ভূমিকা” শীর্ষক কর্মশালা আয়োজন করে বিসিএস প্রশাসন একাডেমি। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফরহাদ হোসেন, এম.পি., মাননীয় মন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ আলী আরাফাত, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রনালয়। অনুষ্ঠিত এ কর্মশালায় সভাপতিত্ব করেন ড. মো: ওমর ফারুক, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপনা করেন জনাব মো: হুমায়ুন কবীর খন্দকার, সিনিয়র সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। জনাব মোহাম্মদ আলী আরাফাত, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় সাংবাদিকদের নানাবিধ প্রশ্নের উত্তর দেন। মাননীয় জনপ্রশাসন মন্ত্রী বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে স্মার্ট সিটিজেন, স্মার্ট ইকোনমি, স্মার্ট সোসাইটি, স্মার্ট গভর্নেন্স এর মত স্মার্ট গণমাধ্যম কর্মী প্রয়োজন। মাননীয় মন্ত্রী সাংবাদিকদের অনুসন্ধিৎসু মানসিকতা এবং দায়িত্বশীলতার প্রশংসা করেন। তিনি বলেন, তথ্য এবং উপাত্তের লড়াইয়ে সত্যতা খুব জরুরি। উক্ত কর্মশালাটি সঞ্চালনা করেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর ড. মো: ওমর ফারুক।

# ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন





কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী

৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের উদ্বোধন হয় গত ১১ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ২০জন প্রশিক্ষণার্থী নিয়ে। উক্ত অনুষ্ঠানে জনাব মোহাম্মদ মেজবাহ উদ্দিন চৌধুরী, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ড. মো: ওমর ফারুক, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি, জনাব মো: আব্দুর রাজ্জাক, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ)সহ অন্যান্য অন্যান্য অনুষদ সদস্য বৃন্দ উপস্থিত ছিলেন।

## ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের উন্মুক্ত অধিবেশন



৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সে উন্মুক্ত অধিবেশন পরিচালনা করেন জনাব মো: মনজুর হোসেন, সচিব, সেতু বিভাগ

১৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের উন্মুক্ত অধিবেশনে সরকারি ক্রয় ব্যবস্থাপনা সম্পর্কিত বাস্তবমুখী অভিজ্ঞতা বিনিময় এবং প্রশিক্ষণার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর প্রদান করেন সেতু বিভাগের সচিব জনাব মো. মনজুর হোসেন।

# মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ পালন





মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষ্যে কেন্দ্রিয় শহীদ মিনারে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন

বিসিএস প্রশাসন একাডেমি কর্তৃক মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২৪ উপলক্ষ্যে ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করা হয়। একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুকের নেতৃত্বে একাডেমির কর্মকর্তা-কর্মচারীগণ কেন্দ্রিয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পন করেন।

# ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠান



কোর্সের সমাপণী অনুষ্ঠানে সনদপত্র বিতরণ করছেন পরিকল্পনা বিভাগের সিনিয়র সচিব জনাব সত্যজিত কর্মকার



প্রশিক্ষণ সমাপনান্তে একাডেমির রেক্টর (সচিব) এবং অনুষদ সদস্যবৃন্দের সাথে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ

২২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখে ৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সত্যজিত কর্মকার, সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ। সভাপতিত্ব করেন ড. মোঃ ওমর ফারুক, রেক্টর (সচিব) বিসিএস প্রশাসন একাডেমি। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিসিএস প্রশাসন একাডেমির এমডিএস (গবেষণা ও প্রকাশনা) ড. নূরুন্নাহার চৌধুরী এনডিসি, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো. আব্দুর রাজ্জাকসহ অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ। ২০জন কর্মকর্তা উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। '৪০তম সরকারি ক্রয় ব্যবস্থাপনা কোর্স' এর প্রশিক্ষণার্থীগণ বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়ে একদিনের সংযুক্তিসহ বিষয়ভিত্তিক ৬০ ঘন্টার সেশনে অংশগ্রহণ করেন।

# ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন




১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন করেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.

০৩ মার্চ ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৫ (পাঁচ) মাস মেয়াদি ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন করা হয়। একাডেমির রেক্টর (সচিব) ড. মোঃ ওমর ফারুক- এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন এম.পি.। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, আজকের নবীন কর্মকর্তারাই আগামীদিনে সরকারের উন্নয়ন রূপরেখা বাস্তবায়ন করবেন। তাদের উপর অর্পিত দায়িত্ব যেন সঠিকভাবে পালন করতে পারেন, সে বিষয়ে তাদের দক্ষ করে গড়ে তুলতে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। তিনি প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের গুরুত্বের সাথে প্রশিক্ষণের প্রতিটি কার্যক্রমে অংশ নেয়ার আহবান জানান। বিশেষ অতিথির বক্তব্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ মেজবাহ উদ্দিন চৌধুরী নবীন কর্মকর্তাদের যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে বিসিএস প্রশাসন একাডেমির মেম্বার ডিরেক্টিং স্টাফ (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মোঃ আব্দুর রাজ্জাক, কোর্স পরিচালক ড. মোল্লা মাহমুদ হাসান, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। পাঁচ মাস মেয়াদি আইন ও প্রশাসন কোর্সে প্রশাসন ক্যাডারের ৪৬জন নারী কর্মকর্তা ও ৮৬ জন পুরুষ কর্মকর্তাসহ সর্বমোট ১৩২জন কর্মকর্তা প্রশিক্ষণটিতে অংশগ্রহণ করেছেন। প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের দক্ষ, যোগ্য, স্বপ্রণোদিত, সৃজনশীল ও উদ্যোগী কর্মকর্তা হিসেবে গড়ে তোলার জন্য পাঁচ মাস মেয়াদি এ প্রশিক্ষণ কোর্সে প্রাসঙ্গিক আইন ও বিধি-বিধান, প্রশাসনিক রীতি-নীতি, মানব সম্পদ ব্যবস্থাপনা, ই-গভর্নেন্স, সরকারি ক্রয় ব্যবস্থাপনা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইংরেজি ও ফরাসি ভাষায় দক্ষতা বৃদ্ধি, নৈতিকতা ও মূল্যবোধ, শুদ্ধাচার ও দুর্নীতি প্রতিরোধ এবং উন্নয়ন কৌশল ও নীতি ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। এই প্রশিক্ষণের মাধ্যমে সার্বিক মূল্যায়ণে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত কর্মকর্তাকে একাডেমির সর্বোচ্চ সম্মানসূচক পুরস্কার 'রেক্টরস অ্যাওয়ার্ড' প্রদান করা হয়।

# ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের রায়েরবাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন




১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের রায়েরবাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর পরিদর্শন

গত ৪ মার্চ ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ রায়েরবাজার শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ শহীদ বুদ্ধি বুদ্ধিজীবী স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় কোর্স ম্যানেজমেন্ট টিমের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। ১৯৭১ এর ডিসেম্বরে মুক্তিযুদ্ধে যখন বাংলাদেশের বিজয় সুনিশ্চিত তখন বাংলাদেশকে মেধাহীন করার হীন ষড়যন্ত্রে ১৪ ডিসেম্বর রাতে প্রথিতযশা অধ্যাপক, সাংবাদিক, ডাক্তার, শিল্পী, প্রকৌশলী, লেখকসহ এদেশের বুদ্ধিজীবীদের অনেককে নিরস্ত্র অবস্থায় বাসা থেকে তুলে নিয়ে যাওয়া হয় এবং রায়ের বাজারে হত্যা করা হয়। ১৬ ডিসেম্বর বিজয় অর্জিত হওয়ার পর তাঁদের ক্ষত-বিক্ষত মৃতদেহ এখানে পাওয়া যায়। জাতির সূর্যসন্তানদের আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা জানাতে এবং নবীন কর্মকর্তাদের মুক্তিযুদ্ধের ইতিহাসের সাথে প্রত্যক্ষ সংযোগ তৈরি করে দিতে বিসিএস প্রশাসন একাডেমির কোর্স ম্যানেজমেন্টর তত্ত্বাবধানে এই পরিদর্শন কর্মসূচি আয়োজিত হয়।

একই দিনে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ ধানমন্ডি ৩২ নম্বরে অবস্থিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি যাদুঘর পরিদর্শন করেন।

# ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি আয়োজন





১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি অনুষ্ঠানে বক্তব্য রাখছেন একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক

৫ মার্চ ২০২৪ তারিখে বিসিএস প্রশাসন একাডেমিতে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের রেক্টর'স টি আয়োজন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো. ওমর ফারুক অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন। রেক্টর'স টি অনুষ্ঠানটি বিসিএস প্রশাসন একাডেমির আইন ও প্রশাসন কোর্সের অন্যতম অনুষঙ্গ। এ আয়োজনের মাধ্যমে ৫ মাস মেয়াদী আইন ও প্রশাসন কোর্সে আগত প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের সাথে একাডেমির অনুষদবর্গের পরিচিতি ও সৌহার্দ্য গড়ে ওঠে।

# ঐতিহাসিক ৭ই মার্চ উদযাপন







ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে আলোচনা সভা ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

জনপ্রশাসন মন্ত্রণালয়ের আয়োজনে এবং বিসিএস প্রশাসন একাডেমির সহযোগিতায় একাডেমির অডিটোরিয়ামে ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষ্যে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি., মূখ্য আলোচক ছিলেন ড. কামাল আব্দুল নাসের চৌধুরী, প্রধানমন্ত্রীর শিক্ষা ও সংস্কৃতি বিষয়ক উপদেষ্টা, বিশেষ আলোচক ছিলেন ড. মোহাম্মদ সাদিক, এম.পি., সভাপতি, জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। এ আলোচনা সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী, সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়। আলোচনায় স্বাগত বক্তব্য রাখেন ড. মো: ওমর ফারুক, রেক্টর(সচিব), বিসিএস প্রশাসন একাডেমি।

আলোচনা সভার শুরুতেই ঐতিহাসিক ৭ মার্চ ২০২৪ উদযাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

# ০৮ মার্চ নারী দিবস উদযাপন





বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মহোদয়ের সহধর্মিনী জনাব রিনুফা আক্তার ০৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষ্যে নারী প্রশিক্ষণার্থীদের সাথে কেক কাটেন এবং ফুলেল শুভেচ্ছা জানান

"নারীর সমঅধিকার, সমসুযোগ এগিয়ে দিতে হোক বিনিয়োগ" শীর্ষক প্রতিপাদ্যকে সমানে রেখে বিসিএস প্রশাসন একাডেমিতে ০৮ মার্চ ২০২৪ নারী দিবস পালন করা হয়। বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) মহোদয়ের সহধর্মিনী জনাব রিনুফা আক্তার নারী দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করেন এবং বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব) ড. মো: ওমর ফারুক উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। একাডেমির চলমান প্রশিক্ষণসমূহের নারী প্রশিক্ষণার্থীগণ উক্ত অনুষ্ঠানে অংশগহণ করেন।

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান–এঁর ১০৪তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন



বিসিএস প্রশাসন একাডেমিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান–এঁর ১০৪তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০২৪ উদযাপন

সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৪ উপলক্ষ্যে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। অত:পর এ উপলক্ষ্যে বিসিএস প্রশাসন একাডেমিতে এক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো: ওমর ফারুক, রেক্টর (সচিব) বিসিএস প্রশাসন একাডেমি। ড. নূরুন্নাহার চৌধুরী, এনডিসি, এমডিএস (উন্নয়ন ও গবেষণা) উক্ত আলোচনায় সভাপতিত্ব করেন। স্বাগত বক্তব্য রাখেন জনাব মো: আব্দুর রাজ্জাক, এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ)। জাতীয় শিশু দিবস, ২০২৪ উপলক্ষে প্রদত্ত মহামান্য রাষ্ট্রপতির বাণী এবং মাননীয় প্রধান মন্ত্রীর বাণী পড়ে শোনান যথাক্রমে জনাব মো: শাহীদুল ইসলাম, পিএস টু রেক্টর এবং জনাব মহুয়া আফরোজ, সহকারী পরিচালক (প্রশাসন), বিসিএস প্রশাসন একাডেমি। এছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন একাডেমির অনুষদ সদস্যগণ ও চলমান ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণ।

## ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে শ্রদ্ধাঞ্জলি অর্পণ



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিসৌধে প্রশিক্ষণার্থীগণের পুষ্পস্তবক অর্পণ

৯ মার্চ ২০২৪ তারিখে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ড. মোল্লা মাহমুদ হাসান, পরিচালক (উন্নয়ন ও পরিকল্পনা) (যুগ্ম সচিব) এর নেতৃত্বে ১৩১, ১৩২, ১৩৩ ও ১৩৪তম আইন ও প্রশাসন কোর্সের প্রশিক্ষণার্থীগণ শ্রদ্ধা নিবেদন করেন এবং পুষ্পস্তবক অর্পণ করেন। পরে পবিত্র ফাতেহা পাঠ করে বঙ্গবন্ধুসহ '৭৫ এর ১৫ই আগস্টে শহীদদের রুহের মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়।

# ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল





২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৪ উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠানে বক্তব্য রাখছেন বিসিএস প্রশাসন একাডেমির রেক্টর (সচিব), ড. মো: ওমর ফারুক

১৯৭১ সালের ২৫ মার্চের শহিদদের স্মরণে বিসিএস প্রশাসন একাডেমিতে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা কাজী সাজ্জাদ আলী জহির, বীর প্রতীক এবং অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ড. মো: ওমর ফারুক, রেক্টর (সচিব), বিসিএস প্রশাসন একাডেমি। একাডেমির এমডিএস (প্রশাসন ও প্রশিক্ষণ) জনাব মো: আব্দুর রাজ্জাক এবং অন্যান্য অনুষদ সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি বীর মুক্তিযোদ্ধা কাজী সাজ্জাদ জহির (বীরপ্রতীক) মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ করেন। অনুষ্ঠানের সভাপতি বলেন, বাংলাদেশের সাধারণ মানুষের ভাগ্য পরিবর্তনের জন্যই প্রাণ দিয়েছিল লাখো মানুষ। তাই যখনই যে যেখানে দায়িত্ব পালন করবেন অব্যশই মানুষের কথা চিন্তা করবেন।

# ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস





বিসিএস প্রশাসন একাডেমিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২৪ তারিখে আলোচনা সভা ও দোয়া মাহফিলে উপস্থিত অতিথি ও কর্মকর্তাবৃন্দ

বিসিএস প্রশাসন একাডেমিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে ২৬ মার্চ ২০২৪ তারিখে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজনা করা হয়। অনুষ্ঠানে সভাপতি একাডেমির রেক্টর (সচিব), ড. মো: ওমর ফারুক সকলকে মুক্তিযুদ্ধের লক্ষ্য ও চেতনা বাস্তবায়নে নিজ নিজ অবস্থান থেকে আরও বেশি অবদান রাখতে আহবান জানান। তিনি বলেন, দেশ ও জাতিকে উন্নয়ন ও সমৃদ্ধির পথে আরো এগিয়ে নিয়ে আমরা গড়ে তুলবো বঙ্গবন্ধুর স্বপ্নের "সোনার বাংলা" এবং মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত উন্নত সমৃদ্ধ 'স্মার্ট বাংলাদেশ"।


## সম্পাদনা পর্ষদ

উপদেষ্টা
**ড. মো: ওমর ফারুক**
রেক্টর (সচিব)

প্রধান সম্পাদক
**ড. নূরুন্নাহার চৌধুরী**, এনডিসি
মেম্বার ডিরেক্টিং স্টাফ
(উন্নয়ন ও গবেষণা)

কার্যনির্বাহী সম্পাদক
**নাহিদা আক্তার**
পরিচালক
(গবেষণা ও প্রকাশনা)

সদস্য
**শুভাশিস ঘোষ**
উপপরিচালক
(গবেষণা ও প্রকাশনা)

সদস্য
**সাবিহা ফাতেমাতুজ্-জোহ্‌রা**
প্রকাশনা কর্মকর্তা



বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমি
শাহবাগ, ঢাকা-১০০০
www.bcsadminacademy.gov.bd
ফোন: +৮৮ (০২) ৫৫১৬৫৯০১, ফ্যাক্স: +৮৮ (০২) ৫৫১৬৫৯২২
ই-মেইল: ddrp@bcsadminacademy.gov.bd